গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
উপসচিব (আইন)-এর দপ্তর

...

| | |
|---|---|
| সভাপতি | মোঃ নূর-উর-রহমান<br>সচিব |
| সভার তারিখ | ০৭.০১.২০২০ খ্রি: |
| সভার সময় | সকাল ১১.০০ টা |
| স্থান | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর সভাকক্ষ |
| উপস্থিতি | তালিকা সংযুক্ত |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভায় গত ১৩.১০.২০১৯ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হলে কোন বিষয়ে আপত্তি/মতামত না থাকায় উক্ত কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। সভায় আলোচনাক্রমে সর্বসম্মতিতে আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| আলোচ্য বিষয় | সভার আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১। পূর্ববর্তী সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন | প্রত্যেকটি দপ্তর/সংস্থা নিয়মিত পূর্ববর্তী সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবেন। | প্রত্যেকটি দপ্তর/সংস্থা নিয়মিত পূর্ববর্তী সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রেরণ করবেন। ৩য় সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন আগামী ২৫ মার্চ ২০২০ এর মধ্যে প্রেরণ করবে। | সকল দপ্তর/সংস্থা |
| ২। আওতাধীন সকল দপ্তর/ সংস্থাসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোতে উল্লেখিত বিষয়ের উপর সচেতনতা বৃদ্ধিমূলক সভা/প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত | বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি তাদের কেন্দ্রীয় কার্যালয়ে প্রশিক্ষণ আয়োজন করেছে। বিটিসিএল ও ডাক অধিদপ্তরের আঞ্চলিক অফিসের সচেতনতা বৃদ্ধিমূলক সভা/প্রশিক্ষণ আয়োজন সন্তোষজনক নয়। এ বিষয়ে সভাপতি মহোদয় সভার সিদ্ধান্ত এবং অগ্রগতি প্রতিবেদনে সভা/ প্রশিক্ষন আয়োজন করা হয়েছে বা হবে উল্লেখ না করে সংখ্যার ভিত্তিতে তথ্য প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। | সকল সংস্থা জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো অনুযায়ী উল্লেখিত বিষয়ের উপর সচেতনতা বৃদ্ধিমূলক সভা/প্রশিক্ষণ আয়োজন অব্যাহত রাখবে। বিটিসিএল ও ডাক অধিদপ্তর ৩য় কোয়ার্টার ও ৪র্থ কোয়ার্টারের মধ্যে সকল আঞ্চলিক অফিসে নূন্যতম একটি করে সচেতনতা বৃদ্ধিমূলক সভা/প্রশিক্ষণ আয়োজন করবে। এ বিষয়ে নির্দিষ্ট একটি সুচী (তারিখ ও সংখ্যা উল্লেখপূর্বক) প্রণয়ন করে এ বিভাগ কে অবহিত করবে। | বিটিসিএল, ডাক অধিদপ্তর ও সকল দপ্তর/সংস্থা। |

| | | | |
|---|---|---|---|
| ৩। বিটিসিএল ও ডাক অধিদপ্তরের অনলাইন Complain সেবা সংক্রান্ত | ডাক অধিদপ্তর তাদের সম্পন্ন কাজ এ বিভাগকে প্রদর্শন করেনি। বিটিসিএল জানিয়েছে যে অনলাইন Complain এর কাজ সম্পন্ন হয়েছে এবং বিটিসিএল এর ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। | সকল সংস্থা অনলাইন Complain সেবা অব্যহত রাখবে। ডাক অধিদপ্তর এবং বিটিসিএল সম্পন্ন কাজ ৩য় কোয়ার্টারের মধ্যে প্রদর্শনের ব্যবস্থা নিবে। | বিটিসিএল ও ডাক অধিদপ্তর। |
| ৪। আঞ্চলিক অফিসে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা পরিবীক্ষণ ও মূল্যায়ন | কেন্দ্রীয় নৈতিকতা কমিটি কর্তৃক আঞ্চলিক পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর বাস্তবায়ন অগ্রগতি তদারকি খুব দুর্বল। ত্রৈমাসিক প্রতিবেদনের উপর ফিড-ব্যাক প্রদানের বিষয়ে বাধ্যবাধকতা থাকলেও আঞ্চলিক নৈতিকতা কমিটির প্রতিবেদনের উপর কোন ফিড-ব্যাক প্রদান করা হয় না।আঞ্চলিক অফিসে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর বাস্তবায়নার্থে বিটিসিএল ও ডাক অধিদপ্তর এর আঞ্চলিক পর্যায়ে তদারকি বাড়ানো প্রয়োজন। | আঞ্চলিক নৈতিকতা কমিটির ২য় কোয়াটারের প্রতিবেদনের উপর ফিড-ব্যাক সভা আহবান পূর্বক ফিড-ব্যাক প্রদান করে ৩০-০১-২০২০ এর মধ্যে এ বিভাগকে অবহিত করবে এবং ৩য় কোয়াটারের প্রতিবেদনের উপর ফিড-ব্যাক প্রদান করে ৩০-০৪-২০২০ এর মধ্যে এ বিভাগকে অবহিত করবে। | বিটিসিএল ও ডাক অধিদপ্তর। |
| ৫। শুদ্ধাচার পরিকল্পনা বাস্তবায়ন ও প্রতিবেদন সংক্রান্ত। | সকল দপ্তর/ সংস্থাসমূহ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো অনুযায়ী নিয়মিত ভাবে প্রেরণ করবে। | সকল দপ্তর/ সংস্থাসমূহ ২০১৯-২০২০ সালের ৩য় কোয়াটারের রিপোর্ট ২ এপ্রিল ২০২০ এর মধ্যে এ বিভাগে প্রেরণ করবে। | সকল দপ্তর/সংস্থা |
| ৬। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অর্থ ও কোড প্রনয়ন সংক্রান্ত। | মাঠ পর্যায়ের পরিদর্শন রিপোর্ট থেকে দেখা যায় আঞ্চলিক পর্যায়ে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অর্থ প্রদান করা হয় না এবং অনেক সংস্থা এখনো এ সম্পর্কিত কোড প্রনয়ন করেনি। তাই শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় শুদ্ধাচার বিষয়ে পুরস্কার দেওয়ার নিয়ম থাকলেও পুরস্কার প্রদান করা সহ বিভিন্ন শুদ্ধাচার কার্যক্রম যথার্থভাবে পরিপালন করা যাচ্ছে না। | **শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭** অনুসরণে সকল পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে এবং শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় কোড প্রনয়ন করে অর্থ বরাদ্দ করবে। বিটিসিএল ও ডাক অধিদপ্তর শুদ্ধাচার পরিপালন উৎসাহ প্রদানের জন্য মাঠ পর্যায়ে নির্বাচিত কর্মকর্তাকে সনদ পত্র প্রদান করবে। | সকল দপ্তর/সংস্থা |
| ৭। শুদ্ধাচার সংক্রান্ত অডিও ভিস্যুয়াল ডকুমেন্টারী প্রকাশ | এ বিভাগ থেকে ১ হতে ১.৫ মিনিটের শুদ্ধাচার সংক্রান্ত অডিও ভিস্যুয়াল ডকুমেন্টারী তৈরী ও প্রকাশ করা হবে। অডিও ভিস্যুয়াল ডকুমেন্টারীটি সাধারণ জনগণের জন্য না করে এ বিভাগ ও আওতাধীন সংস্থার কার্যক্রমের উপর ভিত্তি করে করা যেতে পারে। | ডকুমেন্টারীটি এ বিভাগ ও আওতাধীন সংস্থার কার্যক্রমের উপর ভিত্তি করে করা হবে। এ বিষয়ে সকল সংস্থা আইডিয়া/মতামত দিবে। | সকল দপ্তর/সংস্থা ও এ বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ৮। ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট সংক্রান্ত | ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাগন প্রতিবেদন প্রনয়নে আরো আন্তরিক ও যত্নবান হওয়া প্রয়োজন এবং বিষয়টি গুরুত্ব সহকারে দেখবেন। | দপ্তর/সংস্থা্র ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট পরিবর্তন হলে তা এ বিভাগকে অবহিত করতে হবে এবং দপ্তর/সংস্থা্র বিকল্প ফোকাল পয়েন্ট ও আঞ্চলিক অফিসের বিকল্প ফোকাল পয়েন্টদেরকে নিয়ে এ বিভাগ ৩য় কোয়ার্টারে একটি কর্মশালা আয়োজন করবে। | সকল দপ্তর/সংস্থা ও এ বিভাগ |
| ৯। বিটিসিএলের জাতীয় শুদ্ধাচার কৌশল, কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর ক্রমিক ৯ সংক্রান্ত কার্যক্রম | ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল জানান যে, বিটিসিএলের ২য় কোয়ার্টারের প্রতিবেদনে ক্রমিক ৯ নং এর শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম অগ্রগতি সঠিক ভাবে প্রতিফলিত হয়নি। বাস্তব অগ্রগতি অনেক বেশী। | বিটিসিএল ক্রমিক ৯ নম্বর এ বর্ণিত শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম এর বাস্তব অগ্রগতি বিষয়ে এ বিভাগকে অবহিত করবে। | বিটিসিএল |
| ৯। এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল, কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৯-২০২০ | সভায় এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল, কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়নঅগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৯-২০২০ এর সংশোধন (ক্রমিক নং-১.২, ২.২, ৬.৪, ৭.২, ৮.৩, ৮.৫, ৯.১, ৯.২, ৯.৩, ৯.৪, ৯.৫, ১১.১) এবং ২য় কোয়ার্টারের ছক নিয়েআলোচনা করা হয়। অতিরিক্ত সচিব (নিরীক্ষা) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন যে, ২য় কোয়ার্টারের ছকযথাযথভাবে পূরণ করা হয়েছে। অনুমোদিত হলে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল, কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৯-২০২০ পর্যালোচনান্তে অনুমোদন প্রদান পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নির্দেশ প্রদান করা হয়। | ক) এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল, কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৯-২০২০ এর সংশোধন (ক্রমিক নং-১.২, ২.২, ৬.৪, ৭.২, ৮.৩, ৮.৫, ৯.১, ৯.২, ৯.৩, ৯.৪, ৯.৫, ১১.১) এবং ২য় কোয়ার্টারের বাস্তবায়ন ছক অনুমোদন প্রদান করা হলো ।<br>(খ) জাতীয় শুদ্ধাচার কৌশল, কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৯-২০২০ এর ২য় কোয়ার্টারের অগ্রগতি যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | ফোকাল পয়েন্ট, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয় ।

মোঃ নূর-উর-রহমান
সচিব

স্মারক নম্বর: ১৪.০০.০০০০.০০৪.০৬.০০২.১৯.১০০৪

তারিখ: ২৪ পৌষ ১৪২৬
০৮ জানুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

২) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

৩) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব (ডাক)-এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

৪) অতিরিক্ত সচিব (নিরীক্ষা), অতিরিক্ত সচিব (নিরীক্ষা)- এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

৫) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব (টেলিকম ) এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

৬) যুগ্মসচিব, যুগ্মসচিব (প্রশাসন)-এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

৭) পরিচালক তার (যুগ্ম-সচিব), পরিচালক (তার)-এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

৮) যুগ্মপ্রধান, যুগ্মপ্রধান-এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

৯) যুগ্মসচিব, যুগ্মসচিব (কোম্পানি)-এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

১০) মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, ডাক অধিদপ্তর

১১) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, টেলিযোগাযোগ অধিদপ্তর

১২) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল)

১৩) ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড

১৪) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল)

১৫) ব্যবস্থাপনা পরিচালক, টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড, টংগী, গাজীপুর।

১৬) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোং লিঃ, ১১৬ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।

১৭) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কেবল শিল্প সংস্থা, শিরোমনি, খুলনা।

১৮) একান্ত সচিব, সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

বিদ্যুৎ চন্দ্র আইচ
উপসচিব (আইন)